

মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

তারিখ: ১২ ডিসেম্বর-২০২৪

বিষয়: সড়ক পরিবহন খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও কাঠামোগত সংস্কার বিষয়ক জাতীয়
সংলাপে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি প্রসঙ্গে।

মহোদয়,

শুভেচ্ছা নিবেন।

দেশের সড়ক পরিবহন খাতে কোনোভাবেই শৃঙ্খলা প্রতিষ্ঠিত হচ্ছে না। একটি স্বার্থবাদী গোষ্ঠী রাজনীতিকীকরণের মাধ্যমে গোটা গণপরিবহন খাত চাঁদাবাজি ও দুর্নীতির নৈরাজ্যে পরিণত করেছে। অথচ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ এদের বিরুদ্ধে তেমন কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারছে না। জবাবদিহিতার অভাবে সড়ক দুর্ঘটনার জন্য দায়ীদের শাস্তি হচ্ছে না। সড়ক পরিবহনে শৃঙ্খলা প্রতিষ্ঠার সাথে অনেকগুলো প্রতিষ্ঠান জড়িত। এসব প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক কার্যকারিতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংস্কার প্রয়োজন।

এই প্রেক্ষাপটে রোড সেফটি ফাউন্ডেশন সড়ক পরিবহন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও কাঠামোগত সংস্কারের লক্ষ্যে আগামী ২১ ডিসেম্বর-২০২৪, শনিবার দিনব্যাপী একটি জাতীয় সংলাপের আয়োজন করছে।

জাতীয় সংলাপে মোঃ নাহিদ ইসলাম, মাননীয় উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকতে আপনার সদয় সম্মতি প্রত্যাশা করছি।

ধন্যবাদসহ

M. A. Mahabubuddin

(অধ্যাপক ড. এ আই মাহবুব উদ্দিন আহমেদ)
সমাজবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
চেয়ারম্যান, রোড সেফটি ফাউন্ডেশন

সময় : সকাল ১০ টা
তারিখ : ২১ ডিসেম্বর-২০২৪, শনিবার
স্থান : বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, সার্কিট হাউস রোড, ঢাকা।
প্রয়োজনে: ০১৭১২ ৬৯০ ৬১৬

২১/১২/২৪
০৭/১২/২৪
সি: মতি মুহাম্মদ ফাওজুল কবির খান
উপদেষ্টা